

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা  
[publiclibrary.pabna.gov.bd](http://publiclibrary.pabna.gov.bd)



স্মারক নং-৪৩.২৬.৭৬০০.০০১.২৩.০০১.১৭-৫৫৪

তারিখ :-০৯.০৪.২০২২খ্রি.

**বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন।**

বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা কার্যালয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

**ক) রচনা প্রতিযোগিতা:**

| ক্র:নং | গ্রুপ | শ্রেণি             | রচনা প্রতিযোগিতার বিষয়                       | শব্দসীমা | রচনা প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য  |
|--------|-------|--------------------|---|----------|--|
| ১      | ক     | পঞ্চম-অষ্টম        | বাঙালির প্রানের উৎসব বাংলা নববর্ষ             | ১০০০     | স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা কার্যালয়ে ২৪.০৪.২০২২খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দেওয়া যাবে। |
| ২      | খ     | নবম-দ্বাদশ         | বাঙালি সংস্কৃতির বিকাশে বাংলা নববর্ষের প্রভাব | ১২০০     |  |
| ৩      | গ     | স্নাতক-স্নাতকোত্তর | বাঙালির অসাম্প্রদায়িক চেতনা ও নববর্ষ         | ১৫০০     |  |
| ৪      | ঘ     | সর্বসাধারণ         | জাতীয় জীবনে বাংলা নববর্ষের প্রভাব            | ১৮০০     |  |

**খ) চিত্রাংকন প্রতিযোগিতা:**

| ক্র:নং | গ্রুপ | শ্রেণি             | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য   |
|--------|-------|--------------------|------------------------------|--|
| ১      | ক     | অনূর্ধ্ব -৭ বছর    | বৈশাখী মেলা                  | চিত্রাংকন প্রতিযোগিতা আগামী ১৯.০৪.২০২২খ্রি.তারিখে বেলা ১১.০০ টায় জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা কার্যালয়ে অনুষ্ঠিত হবে। |
| ২      | খ     | ৮-১২ বছর           | শোভাযাত্রা                   |  |
| ৩      | গ     | বিশেষ (প্রতিবন্ধী) | বৈশাখী মেলা                  |  |

**শর্তাবলি:**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড / স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. রচনা ও চিত্রাংকনে অবশ্যই প্রতিযোগীর পূর্ণনাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি ও জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৪. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রতিযোগীকে নির্ধারিত সময়ের মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা কার্যালয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমানের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৫. প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজআট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরন নিজ দায়িত্বে আনতে হবে।

| প্রতিযোগিতার নোটিশ ও ফলাফল পেতে ভিজিট করুন                                 |                                |                                |
|--|--------------------------------|--------------------------------|
| ওয়েবসাইট(website)   | ফেজবুক(Facebook)               | ফেজবুক পেজ(Facebook Page)      |
| <a href="http://publiclibrary.pabna.gov.bd">publiclibrary.pabna.gov.bd</a> | জেলা সরকারি গণগ্রন্থাগার পাবনা | জেলা সরকারি গণগ্রন্থাগার পাবনা |

০৯.০৪.২০২২

(মোঃ এনামুল হক)

সহকারী লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা

মোবাইল: ০১৭১৭-৯৮৯৮১১

ফোন নং: ০২৫৮৮৮৪৬০৯১

স্মারক নং-৪৩.২৬.৭৬০০.০০১.২৩.০০১.১৭- ৫৫৪/(৮০)

তারিখ :- ০৯.০৪.২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক ( অতিরিক্ত সচিব) গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, পাবনা।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা ( গ্রন্থাগারে জাতীয় ও বিশেষ দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতার মূল্যায়ন কমিটির আহবায়ক)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
- ২। অধ্যক্ষ,-----
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাবনা সদর/ সাঁথিয়া/ বেড়া/ সুজানগর/ ঈশ্বরদী/ আটঘরিয়া/ চাটমোহর/ ভাঙ্গুরা/ ফরিদপুর।
- ৪। জেলা তথ্য অফিসার, পাবনা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা।
- ৭। ডেপুটি লাইব্রেরিয়ান, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
- ৮। জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, পাবনা।
- ৯। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, পাবনা জেলা শাখা, পাবনা।
- ১০। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, পাবনা।
- ১১। উপজেলা শিক্ষা অফিসার, পাবনা সদর/ সাঁথিয়া/ বেড়া/ সুজানগর/ ঈশ্বরদী/ আটঘরিয়া/ চাটমোহর/ ভাঙ্গুরা/ ফরিদপুর।
- ১২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা সদর/ সাঁথিয়া/ বেড়া/ সুজানগর/ ঈশ্বরদী/ আটঘরিয়া/ চাটমোহর/ ভাঙ্গুরা/ ফরিদপুর।
- ১৩। সুপারেনটেনডেন্ট/ প্রধান শিক্ষক -----
- ১৪। প্রতি,-----
- ১৫। অফিস নথি।



০৯.০৪.২০২২

(মোঃ এনামুল হক)

সহকারী লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার, পাবনা

মোবাঃ ০১৭১৭-৯৮৯৮১১

ফোন নং: ০২৫৮৮৮৪৬০৯১